**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 19.03.2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35 A.M.** **Compiling & NR :- DSS**

**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্য সরকারের আর্জি মেনে সুপ্রিম কোর্ট, OBC সংরক্ষণ সংক্রান্ত মামলার শুনানি তিনমাস পিছিয়ে দেওয়ার আবেদন মঞ্জুর করেছে।

# এদিকে, কলকাতা হাইকোর্ট রাজ্যের নিম্ন আদালতগুলিতে ২৯ জন বিচারক নিয়োগে অনুমাদন দিয়েছে।

২/ রাজ্য সরকারি কর্মীদের অ্যাডহক বোনাস ও উৎসব অগ্রিম-এর পরিমাণ বাড়ানো হয়েছে।

৩/ বিশ্বভারতীর নতুন উপাচার্য হলেন প্রবীর ঘোষ।

৪/ দীর্ঘ ৯ মাস পর অবশেষে নিরাপদে পৃথিবীতে ফিরেলেন নাসার দুই নভশ্চর সুনিতা উইলিয়ামস এবং বুচ উইলমোর।

৫/ আগামী ২৪ ও ২৫ শে মার্চ ব্যাঙ্ক ধর্মঘটের সিদ্ধান্তে অনড় রয়েছে ব্যাংক ইউনিয়নগুলি।

৬/ আগামী ৬ই এপ্রিল রামনবমী থাকায়, ইডেনে IPL ক্রিকেটের ম্যাচকে ঘিরে অনিশ্চয়তা তৈরি হয়েছে।

৭/ ঝড়বৃষ্টির অনুকূল পরিস্থিতি তৈরী হওয়ায় রাজ্যের প্রায় সব জেলাতেই আগামীকাল থেকে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

*********************************************************************

রাজ্য সরকারের আর্জি মেনে সুপ্রিম কোর্ট, অন্যান্য অনগ্রসর শ্রেণী অর্থাৎ OBC সংরক্ষণ সংক্রান্ত মামলার শুনানি তিনমাস পিছিয়ে দেওয়ার আবেদন মঞ্জুর করেছে। দুই বিচারপতি BR গাভাই ও AG মাসিহার ডিভিশন বেঞ্চে রাজ্যের আইনজীবি কপিল সিব্বল জানান, সংরক্ষণের বিষয়ে সরকার নতুন সমীক্ষা শুরু করেছে। ফলে শুনানি যেন পিছিয়ে দেওয়া হয়।

উল্লেখ্য, ২০২৪-এর ২২'শে মে কলকাতা হাইকোর্ট ২০১০ সালের পর থেকে তৈরী সব OBC শংসাপত্র বাতিল করার নির্দেশ দিয়েছিল। সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় রাজ্য সরকার।

***********************

রাজ্যের নিম্ন আদালতগুলিতে ২৯ জন বিচারক নিয়োগে সিলমোহর দিল কলকাতা হাইকোর্ট। PSC-র তালিকাই সঠিক জানিয়ে দিলেন বিচারপতি অরিন্দম মুখোপাধ্যায়। নিয়োগের ওপর স্থগিতাদেশ প্রত্যাহার করে নেন তিনি।
রাজ্যে নিম্ন আদালতে শূন্যপদে বিচারক নিয়োগের দুটি তালিকা প্রকাশ করা হয়েছিল। একটি মুল বা রেগুলার ও অপরটি সম্ভাব্য। মোট ২৯ টি পদে নিয়োগের জন্য এই দুটি তালিকা প্রকাশ করা হয়। রেগুলার তালিকার প্রার্থীরা সরাসরি নিযুক্ত হবেন।
অন্যদিকে, সম্ভাব্য তালিকার প্রার্থীরা যদি কোনও বিচারক অব্যাহতি নেন বা কারুর চাকরি থাকাকালীন মৃত্যু হয় বা অন্য কোথাও স্থানান্তরিত হন, তবে সেই শূন্য পদে নিয়োগের জন্য প্রাধান্য পাবেন।

***********************

সাসপেনশন উঠে গেলেও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বিধানসভার চলতি বাজেট অধিবেশনে যোগ দেবেন না বলে জানিয়েছেন। ফালাকাটার বিজেপি বিধায়ক দীপক বর্মণকে বিধানসভা থেকে সাসপেন্ড করার প্রতিবাদেই তাঁর এই সিদ্ধান্ত।

উল্লেখ্য, গত ১৭ই ফেব্রুয়ারি বাজেট অধিবেশনের প্রথম পর্বে বিরোধী দলনেতা ছাড়াও আরও তিন বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল, বিশ্বনাথ কারক এবং বঙ্কিম ঘোষকে মর্যাদা লঙ্ঘনের অভিযোগে এক মাসের জন্য সাসপেন্ড করেছিলেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। গতকাল সেই সাসপেনশনে মেয়াদ শেষ হয়।

***********************

রাজ্য সরকারি কর্মীদের অ্যাডহক বোনাস ও উৎসব অগ্রিম-এর পরিমাণ বাড়ানো হয়েছে। অর্থ দপ্তর থেকে গতকাল প্রকাশিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শারদোৎসব ও ঈদের আগে এই বোনাস পাওয়া যাবে। ২০২৫-এর ৩১শে মার্চ পর্যন্ত যেসব কর্মীর বেতন মাসিক ৪৪ হাজার টাকা বা তার নীচে, তারা অ্যাডহক বোনাস পাবেন ৬'হাজার ৮০০ টাকা।

উল্লেখ্য, ২০২৪-এ এই অ্যাডহক বোনাসের পরিমাণ ছিল- ৬'হাজার টাকা এবং বেতনের ঊর্ধ্বসীমা ছিল মাসিক ৪২ হাজার টাকা। মাসে ৪৪ হাজার টাকা থেকে ৫২ হাজার টাকা পর্যন্ত যাদের বেতন, তাঁরা উৎসব অগ্রিম পাবেন ২০ হাজার টাকা। এক্ষেত্রেও বেতনের ঊর্ধ্বসীমা ২'হাজার টাকা করে বাড়ানো হয়েছে।

অবসর প্রাপ্তদের ক্ষেত্রে যারা ৩৮ হাজার টাকার কম পেনশন পান, তাঁরা অ্যাডহক বোনাস পাবেন ৩'হাজার ৫০০ টাকা। গতবছর পেনশনের ঊর্ধ্বসীমা ছিল ৩৫ হাজার টাকা।

***********************

'সমকাজে সমবেতন'-এর নীতি প্রযোজ্য না হলেও পার্শ্বশিক্ষকদের স্বীকৃতি ও সম্মান দিতে রাজ্য সরকার 'যুগান্তকারী পদক্ষেপ' করেছে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। বিধানসভায় গতকাল ISF বিধায়ক নওশাদ সিদ্দিকীর এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, ২০১৫ সালে প্রাথমিক ও উচ্চ প্রাথমিকে পার্শ্বশিক্ষকদের বেতন কাঠামো চূড়ান্ত করা হয়েছে। সেই অনুযায়ী, বছরে ৩ শতাংশ বেতন বৃদ্ধি হচ্ছে। প্রভিডেন্ট ফান্ড ও সরকারি স্বাস্থ্য বিমার আওতায় আনা হয়েছে তাঁদের। পার্শ্ব শিক্ষকদের অবসরকালীন প্রাপ্য, ৩ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ৫ লক্ষ টাকা করা হয়েছে। ৬০ বছর বয়স হলে তাঁরা এককালীন ওই টাকা পাচ্ছেন।

***********************

বিশ্বভারতী বিশ্ব বিদ্যালয়ের নতুন উপাচার্য হলেন প্রবীর ঘোষ। গতকাল তাঁকে ওই দায়িত্ব দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে।

ছত্তীসগঢ়ের রায়পুরে ভারতীয় কৃষি গবেষণা কেন্দ্র আইসিএআরের প্রাক্তন ডিরেক্টর তথা প্রাক্তন উপাচার্য প্রবীর ঘোষকে আগামী পাঁচ বছরের জন্য দায়িত্ব দেওয়া হল।

বস্তুত, বিদ্যুৎ চক্রবর্তীর অবসরের প্রায় ১৫ মাস পরে স্থায়ী উপাচার্য নিয়োগ হল বিশ্বভারতীতে।

************************

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পুলিশ চৌকি তৈরি করা আদৌ যুক্তিসংগত কিনা সে বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকেই সিদ্ধান্ত নিতে হবে বলে রাজ্যপাল CV আনন্দ বোস মন্তব্য করেছেন। কলকাতায় গতকাল 'অ্যাসোসিয়েশন অফ ইণ্ডিয়ান ইউনিভার্সিটিজ' আয়োজিত পূর্বাঞ্চলের উপাচার্যদের সমাবেশে রাজ্যপাল বলেন, তবে এবিষয়ে যে সিদ্ধান্তই নেওয়া হোক না কেন, তা যেন সংবিধানের পরিপন্থী এবং পড়ুয়াদের স্বার্থ-বিরোধী না হয় তা মাথায় রাখতে হবে।

************************

এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হবে মে মাসের মাঝামাঝি নাগাদ। উচ্চ মাধ্যমিক পরীক্ষার শেষ দিনে গতকাল এ কথা জানান উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য।

তিনি আরও বলেন, এবার পরীক্ষা চলাকালীন আট জনের কাছ থেকে মোবাইল পাওয়া গিয়েছে। তাদের সব পরীক্ষা বাতিল করা হয়েছে।

************************

দীর্ঘ ৯ মাস পর অবশেষে নিরাপদে পৃথিবীতে ফিরেলেন নাসার দুই নভশ্চর সুনিতা উইলিয়ামস এবং বুচ উইলমোর। তাঁদের নিয়ে স্পেসেক্স ক্রু ড্রাগন মহাকাশযান আজ খুব ভোরে পৃথিবীতে পৌঁছয়। ফ্লোরিডার তালাহাসি উপকূলে তা' অবতরণ করে।

সারা বিশ্বের পাশাপাশি এরাজ্যের মানুষের'ও দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটলো। রাতভর তাঁরা বিনিদ্র অবস্থায় টেলিভিশনের সামনে চোখ রেখে বসে থাকেন।

উল্লেখ্য, গত বছর জুন থেকে উইলমোর ও উইলিয়ামস আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রে ছিলেন। বোয়িং স্টার লাইনার মহাকাশ যানে প্রযুক্তিগত ত্রুটির কারণে নির্ধারিত সময়ে তাঁরা ফিরতে পারেন নি। ৮ দিনের জায়গায় ২৮৬ দিন দুই নভশ্চরকে কাটাতে হয় মহাকাশ কেন্দ্রে। গত রবিবার চার নভশ্চর আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রে গিয়ে দায়িত্ব গ্রহণ করেন।

এদিকে সুনিতা উইলিয়ামসের সফলভাবে পৃথিবীতে প্রত্যাবর্তনের এই অভিজ্ঞতা গোটা বিশ্বের মহাকাশ বিজ্ঞানকে আলোড়িত করেছে। ভারত যেহেতু এই ধরনের পরিকল্পনা করতে চলেছে আগামী দিনের জন্য সে ক্ষেত্রে এদেশের বিজ্ঞানীরাও এই ঘটনাকে গুরুত্বের সহকারে বিশ্লেষণ করছেন।

ইসরোর এক বিজ্ঞানী জানালেন- ( বাইট- বিজ্ঞানী )

************************

আগামী সোম ও মঙ্গলবার ২৪ ও ২৫ শে মার্চ, ব্যাংক ধর্মঘটের সিদ্ধান্তে অনড় রয়েছে ব্যাংক ইউনিয়নগুলি। ডেপুটি চিফ লেবার কমিশনার তেজ বাহাদুরের সঙ্গে গতকালের বৈঠকে কোন ফলপ্রসূ সিদ্ধান্ত হয়নি। পরের বৈঠক ২১শে মার্চ।

উল্লেখ্য, রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলির সমস্ত স্তরে পর্যাপ্ত কর্মী নিয়োগ, অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণ, সপ্তাহে ৫দিনের কাজ চালু করা, ব্যাংক কর্মীদের নিরাপত্তা, আইডিবিআই ব্যাংকের বেসরকারিকরণের চেষ্টা বন্ধ করা সহ কয়েকদফা দাবিতে ব্যাংক কর্মীদের ৯'টি সংগঠনের যৌথ মঞ্চ 'ইউনাইটেড ফোরাম অফ ব্যাংক ইউনিয়নস' সোম ও মঙ্গলবার পর পর দুদিন দেশ জুড়ে ব্যাংক ধর্মঘটের ডাক দিয়েছে।

************************

রাজ্যে এক শৃঙ্গ গন্ডারের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে বলে সাম্প্রতিক গণনায় জানা গেছে। উত্তরবঙ্গের জলদাপাড়া গরুমারা অভয়ারণ্যে বর্তমানে এই একশৃঙ্গ গন্ডারের সংখ্যা দাঁড়িয়েছে- ৩৩১।

************************

ঝাড়খণ্ডের পাকুরে বার্ড ফ্লু র প্রকোপ বৃদ্ধি পেতে থাকায় রাজ্য সরকার ওই শহর লাগোয়া বীরভূম এবং মুর্শিদাবাদ জেলার কয়েকটি গ্রামে ঝাড়খন্ড থেকে মুরগি এবং ডিম আমদানির উপরে নিষেধাজ্ঞা জারি করেছে। পাশাপাশি রাজ্যের ওই গ্রামগুলি থেকে যেন কোন মুরগি বা ডিম ঝাড়খন্ডে না যায় সেই বিষয়েও প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে। গ্রামগুলিতে কোন মুরগি অসুস্থ হয়ে পড়লে সরকারি আধিকারিকদের কাছে তা দ্রুত জানানোর জন্য প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে গ্রামবাসীদের কাছে আবেদন জানানো হয়েছে।

***********************

বিতর্কিত মন্তব্যের জন্য মুর্শিদাবাদের ভরতপুরের তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবীরকে সতর্ক করে দিয়েছে তৃণমূল কংগ্রেসের পরিষদীয় শৃঙ্খলা রক্ষা কমিটি। ওই বিধায়ককে আজ ডেকে পাঠিয়ে কমিটি চূড়ান্ত হুঁশিয়ারি দেয়। কমিটির কাছে নিজের মন্তব্যের ব্যাখ্যাও দেন হুমায়ুন।

***********************

বিজেপি, শান্তিপূর্ণভাবে রামনবমী উৎসব পালনের বার্তা দিয়েছে। রাজ্য বিধানসভার প্রবেশপথে এক সাংবাদিক বৈঠকেগতকাল বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, যেভাবে দুর্গাপুজো, কালীপুজো এবং কার্তিক পুজো ও সরস্বতী পুজোতে আক্রমণ হয়েছে, একইভাবে রামনবমীর মিছিলও আক্রান্ত হতে পারে। তিনি অভিযোগ করেন, পুলিশ প্রশাসন বিভিন্ন শর্ত দিয়ে রামনবমী উৎসব পালন কমিটিগুলিকে একটি নতুন আবেদন পত্র পূরণের জন্য পাঠিয়েছে। সেই আবেদন পত্র পূরণ না করার জন্য তিনি উৎসব কমিটিগুলির কাছে আবেদন জানিয়েছেন। শ্রী অধিকারী বলেন, চলতি বছরে আরও বেশি সংখ্যক মানুষ রামনবমী উৎসব পালন করবে।

***********************

ইডেনে আগামী ৬ই এপ্রিল লখনউ সুপার জায়ান্টসের বিরুদ্ধে কলকাতা নাইট রাইডার্সের ম্যাচকে ঘিরে অনিশ্চয়তা তৈরি হয়েছে। ওই দিন রামনবমী থাকায় পুলিশের পক্ষ থেকে পর্যাপ্ত নিরাপত্তা দেওয়া সম্ভব নয় বলে জানানো হয়েছে। সেই কারণে ম্যাচটি পিছিয়ে যেতে পারে। CAB সভাপতি স্নেহাশিস গঙ্গোপাধ্যায় জানিয়েছেন, কলকাতা পুলিশের সঙ্গে এবিষয়ে তাদের বৈঠক হলেও ৬ এপ্রিল খেলার ব্যাপারে ছাড়পত্র মেলেনি।

( বাইট- স্নেহাশিস )

***********************

ঝড়বৃষ্টির অনুকূল পরিস্থিতি তৈরী হওয়ায় রাজ্যের প্রায় সব জেলাতেই আগামীকাল থেকে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

দক্ষিণের বেশ কিছু জেলায় জারি করা হয়েছে কমলা সতর্কতা। উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৪৫ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের আগামীকাল ও শুক্রবার মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

*******************************************************************